


বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
প্রশাসন পরিদপ্তর

তারিখ : ৩০ এপ্রিল ২০১৯

প্রশাসনিক বিজ্ঞপ্তি নং-০৫/২০১৯

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা বাস্তবায়ন।

- ০১। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের স্মারক নম্বর : ৩০.০০.০০০০.০১০.০১.০৯.০০১.১৮.১১৩, তারিখ : ০৩ এপ্রিল ২০১৯ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর : ০৫.০০.০০০০.১১০.১৬.০৫১.১৯-৩৭৪, তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০১৯ উল্লেখ্য।
- ০২। গত ১৭.০১.২০১৯ খ্রি: তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনপ্রশাসন মন্ত্রণালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন :
- “সর্বস্তরের সুশাসন নিশ্চিতকরণ ও জনসেবার মান উন্নয়নের জন্য বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। সরকার সরকারি কর্মচারীদের জন্য বেতন-ভাতা বৃদ্ধিসহ অন্যান্য সুযোগ-সুবিধা এতটাই বৃদ্ধি করেছে যে, তাদের আর দুর্নীতি করার কোন কারণ নেই। এরপরও কেউ দুর্নীতি করলে তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেয়া হবে এ বার্তা প্রশাসনের তৃণমূল পর্যন্ত পৌঁছে দিতে হবে”।
- ০৩। অতএব, মাননীয় প্রধানমন্ত্রীর উপরিলিখিত নির্দেশনা বিমানের সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের প্রতিপালনের জন্য এ আদেশ জারি করা হ’ল। অন্যথায় বিমানের প্রচলিত বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গৃহীত হবে।


(জিয়াউদ্দীন আহমেদ)
পরিচালক প্রশাসন

বিতরণঃ

- ০১। সকল পরিচালক।
- ০২। সকল মহাব্যবস্থাপক/অধ্যক্ষ,বিএটিসি/হিসাব নিয়ন্ত্রক/চিফ অফ ট্রেনিং/চিফ অফ টেকনিক্যাল/চিফ অফ ফ্লাইট সেফটি/চিফ অফ সিডিউলিং এন্ড প্ল্যানিং/প্রধান প্রকৌশলী/ কোম্পানি সেক্রেটারি।
- ০৩। সংশ্লিষ্ট সকল উপ-মহাব্যবস্থাপক/প্রধান প্রশিক্ষক/উপ-প্রধান প্রকৌশলী/প্রধান চিকিৎসক।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক-এর ব্যবস্থাপক সমন্বয়-ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৫। সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপক/ জেলা ব্যবস্থাপক/ স্টেশন ব্যবস্থাপক।
- ০৬। ইনচার্জ সকল প্রশাসনিক সেল-সংশ্লিষ্ট দপ্তর/পরিদপ্তর/বিভাগ/উপ-বিভাগ/শাখাকে অবহিতকরণপূর্বক সংরক্ষণের জন্য।
- ০৭। নোটিশ বোর্ড।

(স্বাক্ষর)
30.04.19